# আশ-শামস | Ash-Shams | ٱلشَّمْس

আয়াতঃ ৯১ : ৩

## আরবি মূল আয়াত:

وَ النَّهَارِ اِذَا جَلّٰىهَا ﴿۳﴾

## অনুবাদসমূহ:

কসম দিবসের, যখন তা সূর্যকে প্রকাশ করে। — আল-বায়ান

শপথ দিনের যখন তা সূর্যকে উদ্ভাসিত করে, — তাইসিরুল

শপথ দিনের, যখন ওটা ওকে প্রকাশ করে। — মুজিবুর রহমান

And [by] the day when it displays it — Sahih International

### ৩. শপথ দিনের, যখন সে সূর্যকে প্রকাশ করে(১),

(১) এখানে جَلَّاهَا এর সর্বনাম দ্বারা সূর্যও উদ্দেশ্য হতে পারে, আবার অন্ধকার বা আঁধার দূর করাও বোঝানো যেতে পারে। অর্থাৎ শপথ দিবসের, যখন তা সূর্যকে প্রকাশ করে। অথবা যখন তা অন্ধকারকে আলোকিত করে দুনিয়াকে প্রকাশ করে। [কুরতুবী] এর তৃতীয় অর্থ হতে পারে, শপথ সূর্যের, যখন তা পৃথিবীকে প্রকাশিত করে। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

### ৩। শপথ দিবসের, যখন তা সূর্যকে প্রকাশ করে। [1]

[1] অথবা অন্ধকারকে দূরীভূত করে। ‘অন্ধকার’ শব্দের উল্লেখ তো পূর্বে নেই; তবে বাগধারার ইঙ্গিতে তা বোঝা যায়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6046

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন